# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৭৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩. প্রথম অনুচ্ছেদ - রুকূ‘

بَابُ الرُّكُوْعِ

## আরবী

وَعَنْ عَبْدُ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا رَفَعَ ظَهْرَهُ مِنَ الرُّكُوعِ قَالَ: «سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَاوَاتِ وَمِلْءَ الْأَرْضِ وَمِلْءَ مَا شِئْتَ من شَيْء بعد» . رَوَاهُ مُسلم

## বাংলা

৮৭৫-[৮] ’আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকূ’ হতে তাঁর পিঠ সোজা করে উঠে বলতেন, ’’সামি’আল্লা-হু লিমান হামিদাহ, আল্লা-হুম্মা রব্বানা- লাকাল হামদ মিলআস্ সামা-ওয়া-তি ওয়া মিল্আল আরযি ওয়া মিল্আ মা- শি’তা মিন শাইয়িম বা’দ’’- (অর্থাৎ- আল্লাহ শুনেন যে তার প্রশংসা করে। হে আমার রব! আকাশ ও পৃথিবীপূর্ণ তোমার প্রশংসা, এরপর তুমি যা সৃষ্টি করতে চাও তাও পরিপূর্ণ)। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৭৬, আবূ দাঊদ ৮৪৬, ইবনু মাজাহ্ ৮৭৮, আহমাদ ১৯১০৪, ইরওয়া ৩৪৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: প্রশংসাটি কি পরিমাণ যা আসমান ও জমিন বরাবর, এ প্রশংসার বাক্যটি দাঁড়িপাল্লা দিয়ে ওজন করা সম্ভ□ব নয়। এখানে উদ্দেশ্য হলো অধিক সংখ্যক সংখ্যা যদি এ শব্দগুলোকে কোন একটা আকার আকৃতিতে রূপান্তর করা হয় তাহলে এত বিশাল সংখ্যক হবে যে তার অবস্থানে আসমান এবং জমিনসমূহ পরিপূর্ণ হয়ে যাবে।

আবার কারো মতেঃ বিশাল সংখ্যক পরিমাণ যেমন বলা হয়ে থাকে জমিনের স্তর পূর্ণ হবে। কারো মতেঃ প্রতিদান

ও সাওয়াব।

‘আল্লামা তুরবিশতী বলেনঃ (مِلْءَ مَا شِئْتَ) বাক্য দ্বারা উদ্দেশ্য হচ্ছে আল্লাহর প্রশংসায় প্রাণান্ত চেষ্টার পর নিজের অপারগতা প্রকাশ করা।

আর তার প্রশংসা আসমান ও জমিন পরিপূর্ণ বাক্যটি প্রতিযোগিতাকারীর চেষ্টা চূড়ান্ত শেষ সীমানা। এর শেষে ‘বিষয়টি আল্লাহর ইচ্ছাধীনে ছেড়ে দিয়েছে’, এরপরে প্রশংসার ভাষা তার নিকটে নেই। হাদীসটি আর আগত দু’টি হাদীস রুকূ‘তে লম্বা ধীরস্থিরতা প্রমাণ করে। আর যারা এটিকে নফল সালাতের সাথে সংশ্লিষ্ট মনে করে তাদের কোন দলীল নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55434

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন